

# READY NEW YORK

# আমার পোষা প্রাণীর জরুরি পরিকল্পনা











NYC Emergency Management

APPROVED Ready U.S. Department of Homeland Security

এখানে আপনার ও আপনার পোষা প্রাণীর একটি রঙিন ছবি দিন। আপনারা আলাদা হয়ে গেলে এটি আপনাদেরকে একত্রিত করার ক্ষেত্রে সহায়ক হতে পারে।

## আমার তথ্য

অনুগ্রহ করে প্রিন্ট করুন। যদি PDF হিসেবে দেখেন, তাহলে তথ্য টাইপ করার জন্য হাইলাইট করা অংশগুলোতে ক্লিক করুন।

নাম:

ঠিকানা:

ফোন:

সেল ফোন:

ইমেইল:

পোষা প্রাণীরা পরিবারের অংশ। আপনার পরিবারের সদস্য হিসেবে, আপনার জরুরি পরিকল্পনায় তাদেরকে অন্তর্ভুক্ত করা উচিত। জরুরি অবস্থায় আপনার পোষা প্রাণীর নিরাপত্তা কিভাবে নিশ্চিত করবেন তা জানতে পড়তে থাকুন।

## আপনার পোষা প্রাণীর জন্য একটি পরিকল্পনা তৈরি করুন

## রসদ সংগ্রহ করুন

## অবহিত থাকুন

আপনার ও আপনার পরিবারের জন্য জরুরি অবস্থার পরিকল্পনা তৈরি করতে NYC.gov ওয়েবসাইটে গিয়ে **নিউ ইয়র্ক প্রস্তুত: আমার জরুরি পরিকল্পনা** নামক গাইডের একটি কপি ডাউনলোড করুন, অথবা এই গাইডের একটি কপির জন্য অনুরোধ জানাতে 311 (ভিডিও রিলে পরিষেবার জন্য 212-639-9675, অথবা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন। অথবা, চলার পথে আপনার পরিকল্পনা তৈরি করতে আপনার iOS বা Android ডিভাইসের জন্য বিনামূল্যে Ready NYC অ্যাপ ডাউনলোড করুন।

# আপনার পোষা প্রাণীকে সাথে নিয়ে কিভাবে স্থান ত্যাগ করবেন তা জানুন

## আপনার পোষা প্রাণীকে সাথে নিয়ে স্থান ত্যাগ করা

জরুরি অবস্থার সময় বাড়ি ছাড়তে হলে আপনার পোষা প্রাণীকে সঙ্গে নিয়ে কোথায় যাবেন এবং কিভাবে সেখানে যাবেন তা ভেবে দেখুন। জরুরি অবস্থায় স্থান ত্যাগ করার পরিকল্পনায়:

- আক্রান্ত এলাকার বাইরে পরিবার বা বন্ধুদের কাছে আপনার পোষা প্রাণীর আশ্রয়ের ব্যবস্থা রাখুন।
- আক্রান্ত এলাকার বাইরে পশুবান্ধব হোটেলগুলো চিহ্নিত করুন।
- আপনার স্থানীয় পশু চিকিৎসক, কুকুর রাখার ঘর (কেনেল), বা পরিচর্যা কেন্দ্রগুলোর সাথে কথা বলে দেখুন যে তারা জরুরি পরিস্থিতিতে আপনার পোষা প্রাণীর জন্য নিরাপদ আশ্রয় দিতে পারবে কিনা।
- আপনার পোষা প্রাণী বা সেবা প্রদানকারী প্রাণীর জন্য একটি গো ব্যাগ তৈরি করুন (পোষা প্রাণীর গো ব্যাগ এর চেকলিস্ট দেখুন)।
- আপনার পোষা প্রাণীকে প্রক্রিয়াটির সাথে অভ্যস্ত করে তুলতে এবং এর স্বস্তিবোধ বাড়িয়ে তুলতে স্থানত্যাগের পরিকল্পনাটি অনুশীলন করুন।
- আপনার পোষা প্রাণীর লুকানোর স্থানগুলো চিনে রাখুন যাতে জরুরি অবস্থায় আপনি তাকে সহজে খুঁজে পান।
- মনে রাখবেন যে পোষা প্রাণী চাপের মুখে স্বাভাবিকের তুলনায় ভিন্ন আচরণ করতে পারে এবং এর চাপের মাত্রা বেড়ে যেতে পারে। কামড় থেকে বাঁচতে মাজল ব্যবহার করুন। এছাড়াও মনে রাখবেন যে ভীত পোষা প্রাণী পালিয়ে যাওয়ার চেষ্টা করতে পারে।

## পোষা প্রাণী ও গণ পরিবহন

- MTA সাবওয়ে, বাস, ও ট্রেনের ভেতরে ক্যারিয়ারে করে পোষা প্রাণী নেয়ার অনুমতি রয়েছে।
- যখন স্থান ত্যাগ করার ঘোষণা দেয়া হবে, তখন ক্যারিয়ারে নেয়ার তুলনায় বড় পোষা প্রাণীদের ক্ষেত্রেও অনুমতি দেয়া হবে, তবে সেগুলো মাজল পরিহিত এবং অনধিক চার ফুটবিশিষ্ট শক্ত লাগাম দ্বারা নিয়ন্ত্রিত হতে হবে। এই নীতি কার্যকর করা হলে সিটি ঘোষণা দিয়ে জানাবে।

## পোষা প্রাণী এবং জরুরি অবস্থায় আশ্রয় সম্পর্কে একটি নোট

সিটির জরুরি আশ্রয়কেন্দ্র ব্যবস্থা খোলা থাকলে এবং আপনি আপনার পোষা প্রাণীকে আক্রান্ত অঞ্চলের বাইরে কুকুর রাখার স্থানে (কেনেলে) অথবা বন্ধু-বান্ধব বা পরিবারের কারো আশ্রয়ে রাখতে না পারলে, সিটির আশ্রয় কেন্দ্রগুলোতে পোষা প্রাণী রাখার অনুমতি দেয়া হয়। অনুগ্রহ করে আপনার পোষা প্রাণীর যত্নের জন্য খাদ্য, লাগাম, একটি ক্যারিয়ার, ও ওষুধপত্রসহ প্রয়োজনীয় সামগ্রী নিয়ে আসবেন। আপনার পশুর মল পরিষ্কার করার সামগ্রী নিয়ে আসবেন। শুধু বৈধ পোষা প্রাণীর জন্য অনুমতি দেয়া হয়। সেবা প্রদানকারী প্রাণীর জন্য সবসময় অনুমতি দেয়া হয়।

## একটি পরিকল্পনা তৈরি করুন

**যথাযথ শনাক্তকরণ**

- কুকুর ও বিড়াল সব সময় একটি কলার বা লাগাম, র‍্যাবিস ট্যাগ, ও শনাক্তকরণ ট্যাগ পরানো থাকতে হবে। শনাক্তকরণ ট্যাগে আপনার নাম, ঠিকানা, ও ফোন নম্বর, এবং একজন জরুরি কন্টাক্টের ফোন নম্বর থাকতে হবে।

- কুকুরের একটি লাইসেন্সও পরানো থাকতে হবে। লাইসেন্স সংক্রান্ত আরো তথ্যের জন্য, 311 (ভিডিও রিলে পরিষেবার জন্য 212-639-9675, বা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।

- আপনার পোষা প্রাণীর সাথে মাইক্রোচিপ সংযুক্ত করা সম্পর্কে আরো জানতে আপনার পশু চিকিৎসকের সাথে কথা বলুন, 311 (ভিডিও রিলে পরিষেবার জন্য 212-639-9675, বা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন, অথবা NYC.gov ওয়েবসাইট দেখুন। যদি আপনি ও আপনার পোষা প্রাণী আলাদা হয়ে যান তাহলে সঠিকভাবে নিবন্ধিত একটি মাইক্রোচিপ আপনার পোষা প্রাণীকে শনাক্ত করতে সক্ষম হবে।

| | |
|---|---|
| প্রজাতি নিবন্ধন #: | |
| লাইসেন্স #: | |
| মাইক্রোচিপ ID #: | |



# একটি পরিকল্পনা তৈরি করুন (চলমান)

আপনার পোষা প্রাণী সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য রেকর্ড করুন যাতে জরুরি সময়ে আপনি সহজেই এটি অ্যাক্সেস করতে পারেন।

**গুরুত্বপূর্ণ তথ্য**

| | |
|---|---|
| জন্ম তারিখ: | |
| লিঙ্গ: | |
| প্রজাতি: | |
| রঙ: | |
| চোখের রঙ: | |
| শনাক্তকারী চিহ্ন: | |
| অ্যালার্জি: | |
| মেডিকেল অবস্থা: | |
| | |
| | |
| ওষুধ ও ডোজ: | |
| | |
| | |

| টিকার ইতিহাস: | তারিখ | বিস্তারিত বিবরণ |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

| | |
|---|---|
| ফার্মেসি: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ফ্যাক্স: | |
| ইমেইল: | |

# জরুরি কন্টাক্টদের একটি তালিকা তৈরি করুন

কোনো জরুরি পরিস্থিতির আগেই, জরুরি কন্টাক্টদের একটি তালিকা তৈরি করুন। আপনার পোষা প্রাণীর গো ব্যাগে এই তালিকার একটি কপি রাখুন

| | |
|---|---|
| স্থানীয় পশু চিকিৎসক: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ইমেইল: | |
| বিকল্প পশু চিকিৎসক: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ইমেইল: | |
| জরুরি কন্টাক্ট: | |
| ফোন: | |
| সেল ফোন: | |
| ইমেইল: | |
| বোর্ডিং ফ্যাসিলিটি: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ইমেইল: | |
| পোষা প্রাণী বান্ধব হোটেল: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ইমেইল: | |
| স্থানীয় পশু আশ্রয়: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ইমেইল: | |

# আপনার পোষা প্রাণীকে সাথে নিয়ে কিভাবে স্থান ত্যাগ করবেন তা জানুন (চলমান)

## জরুরি পরিস্থিতিতে ছোট প্রাণী সামলানো সম্পর্কে পরামর্শ

### পাখি

- পাখিগুলোকে ছোট, নিরাপদ ক্যারিয়ারে বহন করুন।
- তাপমাত্রার পরিবর্তন কমানোর চেষ্টা করুন। গরম আবহাওয়ায় ঠাণ্ডার জন্য একটি স্প্রে বোতল এবং ঠাণ্ডা আবহাওয়ায় উষ্ণতার জন্য একটি গরম পানির বোতল ব্যবহার করুন।
- শব্দের তীব্র পরিবর্তন কমিয়ে আনার চেষ্টা করুন এবং আপনার পাখিগুলোকে শান্ত রাখতে খাঁচা ঢেকে রাখুন।

### উভচর/সরীসৃপ

- উভচর প্রাণীগুলোকে ভেন্টিলেশনের জন্য ছিদ্রসহ একটি পানিরোধী প্লাস্টিক ব্যাগে অথবা প্লাস্টিক কন্টেইনারে করে পরিবহন করুন।
- সরীসৃপ প্রাণীগুলোকে বালিশের কভার, কাপড়ের থলে, বা ছোট ক্যারিয়ারে করে পরিবহন করুন, এবং পোষা প্রাণীটিকে যত দ্রুত সম্ভব একটি নিরাপদ খাঁচায় স্থানান্তর করুন।
- পোষা প্রাণীগুলোকে ঠাণ্ডা রাখতে স্প্রে এবং উষ্ণ রাখতে হিটিং প্যাড বা ব্যাটারিচালিত হিটিং ল্যাম্প ব্যবহার করুন।
- তাপমাত্রা, আলো, ও খাদ্যের পরিবর্তন কমাতে চেষ্টা করুন।
- প্রজাতিগুলোকে মিশ্রিত করবেন না।

### অন্যান্য ছোট প্রাণী

ছোট পোষা প্রাণী, যেমন হ্যামস্টার, গার্বিল, ইঁদুর, ও গিনিপিগকে ঢাকনা দেয়া ক্যারিয়ার, খাঁচা, বা নিরাপদ বাক্সে করে পরিবহন করা যায়। চাপ কমাতে, ক্যারিয়ারটি ঢেকে রাখুন এবং তাপমাত্রা ও শব্দের তীব্র পরিবর্তন কমিয়ে রাখার চেষ্টা করুন।





## যদি আপনি বাড়িতে আপনার পোষা প্রাণীর কাছে ফিরে যেতে না পারেন

কিছু জরুরি অবস্থায় আপনি হয়তো বাড়িতে ফিরতে পারবেন না। এধরনের জরুরি অবস্থার জন্য পরিকল্পনা করার ক্ষেত্রে:

- আপনার অনুপস্থিতিতে আপনার পোষা প্রাণীর যত্ন নেয়ার জন্য একজন বিশ্বস্ত বন্ধু, প্রতিবেশী বা পেট সিটার শনাক্ত করুন। এই ব্যক্তির কাছে আপনার ঘরের চাবির একসেট থাকতে হবে, তাকে আপনার পোষা প্রাণী এবং আপনার ঘর ও পোষা প্রাণীর সাথে পরিচিত হতে হবে, আপনার জরুরি পরিকল্পনা জানতে হবে এবং তার কাছে আপনার সাথে যোগাযোগের তথ্য থাকতে হবে।

- আপনার বাড়ির প্রধান প্রবেশদ্বারের উপর স্টিকার লাগিয়ে রাখুন, যাতে উদ্ধারকর্মীরা ভিতরে থাকা পোষা প্রাণীর সংখ্যা ও ধরন সম্পর্কে অবহিত হতে পারেন। স্টিকারের তথ্যগুলো প্রতি ছয় মাস পর পর হালনাগাদ করুন। ফ্রি রেসকিউ অ্যালার্ট স্টিকারগুলো ASPCA.org ওয়েবসাইটে ASPCA থেকে অর্ডার করা যায়।

- কলার/হার্নেস, লাগাম, ক্যারিয়ার, ও আপনার পোষা প্রাণীর গো ব্যাগ এমন জায়গায় রাখুন যাতে সেগুলো সহজে খুঁজে পাওয়া যায়।

# পোষা প্রাণীর জন্য একটি গো ব্যাগ প্যাক করুন

পোষা প্রাণীদের নিজস্ব গো ব্যাগ থাকা উচিত – একটি মজবুত, সহজে বহনযোগ্য কন্টেইনার, যেমন একটি ব্যাকপ্যাক বা চাকা লাগানো সুটকেস – আপনাকে তাড়াহুড়ো করে বাড়ি ছাড়তে হলে যেটি সহজে পাওয়া যাবে এবং এতে নিম্নলিখিত জিনিসগুলো থাকবে:

- ☐ আপনার ও আপনার পোষা প্রাণীর একত্রে একটি রঙিন ছবি যা সম্প্রতি তোলা হয়েছে (যদি আপনারা আলাদা হয়ে যান)
- ☐ মেডিকেল রেকর্ডের কপি যেগুলো টিকা দেয়ার তারিখগুলো নির্দেশ করে এবং আপনার পোষা প্রাণীর গ্রহণ করা ওষুধের তালিকা ও গ্রহণের কারণ
- ☐ নিবন্ধনের তথ্য, দত্তক নেয়ার কাগজপত্র, ক্রয়ের প্রমাণপত্র, এবং মাইক্রোচিপের তথ্যসহ শনাক্তকরণ ও মালিকানার প্রমাণ
- ☐ আপনার পোষা প্রাণীর শারীরিক বর্ণনা, প্রজাতি, বয়স, লিঙ্গ, রং, বিশেষ বৈশিষ্ট্য, এবং আচরণ ও বৈশিষ্ট্য সংক্রান্ত অন্য যেকোনো গুরুত্বপূর্ণ তথ্য
- ☐ পশুর ফার্স্ট-এইড কিট, ফ্লি ও টিক এর চিকিৎসা, এবং আপনার পশু চিকিৎসকের পরামর্শ অনুযায়ী অন্যান্য আইটেমসহ
- ☐ কমপক্ষে তিন দিনের জন্য খাবার, পানি ও থালা-বাটি
- ☐ ভাঁজ করা যায় এমন খাঁচা বা ক্যারিয়ার
- ☐ মাজল* ও লাগাম
- ☐ আপনার পোষা প্রাণীকে শান্ত রাখতে সাহায্য করার জন্য ক্যারিয়ারের উপরে দেয়ার জন্য কটনের কাপড়
- ☐ স্বস্তিদায়ক খেলনা বা খাবার
- ☐ লিটার, লিটারের প্যান, ও চামচ
- ☐ পরিষ্কার করার জন্য প্লাস্টিকের ব্যাগ
- ☐ অন্যান্য জিনিসপত্র:

(*দ্রষ্টব্য: নাইলনের মাজল কেবল সাময়িকভাবে ব্যবহার করা যেতে পারে কারণ সেগুলো কুকুরের দ্রুত শ্বাস নেয়ায় সমস্যা সৃষ্টি করতে পারে।)












READY NEW YORK
আমার পোষা প্রাণীর
জরুরি
পরিকল্পনা



Patient Name:
Address:
Date:
Rx
MD:
Signature:

# পোষা প্রাণীর জন্য একটি জরুরি রসদ কিট একত্রিত করুন

আপনার নিজের জরুরি সরবরাহ কিট - সাত দিন পর্যন্ত নিজের বাড়িতে টিকে থাকার জন্য প্রয়োজনীয় রসদ - এর সাথে পোষা প্রাণীর রসদ অন্তর্ভুক্ত করে নিন।

- ☐ পোষা প্রাণীর খাবার। যদি আপনি ভেজা খাবার ব্যবহার করেন, তাহলে নিশ্চিত করবেন যেন আপনার পপ-আপ ক্যান বা হাত দিয়ে খোলার জন্য ম্যানুয়াল ক্যান ওপেনার থাকে। মেয়াদ উত্তীর্ণ হওয়া এড়াতে প্রতি ছয় মাস পর পর খাবার ও পানির আইটেমগুলো পরিবর্তন করুন।
- ☐ পানি। পশুদের জন্য পানিশূন্যতা একটি গুরুতর স্বাস্থ্যঝুঁকি। আপনার পশুর প্রতিদিন কী পরিমাণ পানির প্রয়োজন তা জানতে আপনার পশু চিকিৎসকের সাথে কথা বলুন।
- ☐ প্লাস্টিকের ব্যাগ, খবরের কাগজ, কন্টেইনার, ও পরিষ্কার করার রসদ।
- ☐ অন্যান্য জিনিসপত্র:





আপনার পোষা প্রাণীকে প্রস্তুত করার জন্য ধন্যবাদ!

**অভিনন্দন!**

## নিউ ইয়র্ক সিটির রিসোর্সসমূহ

যদি অন্য কিছু জানানো না হয়, তাহলে সিটির এজেন্সিগুলোর সাথে যোগাযোগ করতে 311 (ভিডিও রিলে পরিষেবার জন্য 212-639-9675, TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন অথবা NYC.gov ওয়েবসাইট ব্যবহার করুন।

**NYC ইমার্জেন্সি ম্যানেজমেন্ট**
NYC.gov/emergencymanagement
@nycemergencymgt
www.facebook.com/NYCemergencymanagement

**নিউ ইয়র্ক প্রস্তুত: আমার জরুরি পরিকল্পনার গাইড**
NYC.gov/readyny

**নিউ ইয়র্ক প্রস্তুত-এর প্রস্তুতি সংক্রান্ত তথ্য**
NYC.gov/readyny

**NYC ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন**
NYC.gov/health

**Notify NYC – বিনামূল্যে জরুরি পরিস্থিতি সম্পর্কে অ্যালার্ট নিন**
আপনার জন্য গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তিগুলো গ্রহণ করুন।

বিনামূল্যে মোবাইল অ্যাপ নিয়ে, NYC.gov/notifynyc ওয়েবসাইটে গিয়ে, 311-এ কল করে, অথবা টুইটারে @NotifyNYC অনুসরণ করে নিবন্ধন করুন



## আরো রিসোর্সসমূহ

**নিউ ইয়র্ক সিটিতে পশুর যত্ন ও নিয়ন্ত্রণ**
www.nycacc.org, অথবা 311 (ভিডিও রিলে পরিষেবার জন্য 212-639-9675, অথবা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।

**নিউ ইয়র্কের মানবিক সমিতি**
www.humanesocietyny.org,
অথবা 212-752-4842 নম্বরে ফোন করুন

**পশুর প্রতি নিষ্ঠুরতা প্রতিরোধের জন্য আমেরিকান সমিতি (ASPCA)** www.aspca.org, অথবা 212-876-7700 নম্বরে ফোন করুন

## আমার রিসোর্সসমূহ

এখানে আপনার নিজস্ব গুরুত্বপূর্ণ রিসোর্স ও ফোন নম্বরগুলো যোগ করুন।

**এছাড়াও এই গাইডটি অডিও ফরম্যাটে এবং নিচের ভাষাগুলোতে পাওয়া যায়।**

**Arabic**
زُر NYC.gov/readyny للحصول على نسخ باللغة العربية من هذا الدليل.

**Bengali**
এই নির্দেশিকাটির বাংলা কপির জন্য NYC.gov/readyny দেখুন

**Chinese**
請撥打 311 或訪問 NYC.gov/readyny，獲得本指南的中文版本。

**English**
Call 311 or visit NYC.gov/readyny for copies of this guide in English.

**French**
Visitez NYC.gov/readyny pour obtenir des exemplaires de ce guide en français.

**Haitian Creole**
Ale nan sitwèb NYC.gov/readyny pou jwenn kopi gid sa a nan lang Kreyòl Ayisyen.

**Italian**
Visita il sito NYC.gov/readyny per ricevere una copia di questa guida in italiano.

**Korean**
한국어로 된 안내서 사본은 NYC.gov/readyny를 방문하십시오.

**Polish**
Kopia w języku polskim jest opublikowana pod adresem NYC.gov/readyny.

**Russian**
Позвоните по номеру 311 или посетите сайт NYC.gov/readyny, чтобы получить эту брошюру на русском языке.

**Spanish**
Llame al 311 o visite NYC.gov/readyny para obtener acceso a este folleto en español.

**Urdu**
اس رہنما پرچے کی کاپی اردو زبان میں حاصل کرنے کے لیے NYC.gov/readyny ملاحظہ کریں۔

Bengali, 2020 Edition